যায়যায়দিন

তারিখ ... 7 JUL ...
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম পলিটেকনিকে ছাত্রলীগ শিবির সংঘর্ষে আহত ১০

চট্টগ্রাম অফিস

ক্যাম্পাসে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউটে ইসলামী ছাত্রশিবির ও ছাত্রলীগের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ হয়েছে। সোমবার দুপুরে প্রায় ৩০ মিনিটব্যাপী এ সংঘর্ষের ঘটনায় এক পুলিশসহ উভয় পক্ষের ১০ কর্মী আহত হয়েছে। তবে পরিস্থিতির অবনতি হওয়ার আগেই পুলিশ দ্রুত ঘটনাস্থল গিয়ে উভয় গ্রুপকে ছত্রভঙ্গ করে দেয়। সংঘর্ষে আহতদের চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল ও নগরীর বিভিন্ন ক্লিনিকে চিকিৎসা দেয়া হয়। ছাত্রশিবিরের দুই কর্মীকে নগরীর ন্যাশনাল হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে দলীয় সূত্রে জানা গেছে। এ ব্যাপারে খুলশী থানার এসআই আশরাফুজ্জামান জানান, ক্যাম্পাসে আধিপত্য

ছাত্রলীগ : পৃষ্ঠা ১৫ কলাম

## ছাত্রলীগ : চট্টগ্রাম

(শেষ পৃষ্ঠার পর)

বিস্তারকে কেন্দ্র করে ছাত্রলীগ ও শিবিরের মধ্যে প্রায় ৩০ মিনিট ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ হয়। তবে পুলিশ দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

ইসলামী ছাত্রশিবির চট্টগ্রাম মহানগরী উত্তরের সভাপতি কলিমুল্লাহ, সেক্রেটারি মিজানুর রহমান, দক্ষিণ সভাপতি আবদুল জব্বার ও সেক্রেটারি দেলোয়ার হোসেন ঘটনার নিন্দা জানিয়েছেন।